

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক সমিতির নির্বাচন স্থগিত

কুবি প্রতিনিধি

১ ডিসেম্বর ২০২২ ০৯:৩৮ পিএম | আপডেট: ১ ডিসেম্বর ২০২২

০৯:৩৮ পিএম



ভোটে কেন্দ্র প্রস্তুতি। ছবি: আমাদের সময়

advertisement

নানা নাটকীয়তার পর কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের কার্যনির্বাহী পরিষদ নির্বাচন-২০২৩ স্থগিত ঘোষণা করা হয়েছে। আজ বৃহস্পতিবার দুপুরে উদ্ভৃত পরিস্থিতি, সময় পেরিয়ে যাওয়া ও শিক্ষকদের দুই পক্ষের আবেদনের কারণ দেখিয়ে প্রধান নির্বাচন কমিশনার ড. জি. এম. মনিরুজ্জামান নির্বাচন কক্ষের সামনে এসে এই ঘোষণা দেন।

এ সময় তিনি বলেন, 'নির্বাচন কমিশন আজ সকাল ৮টা থেকে ভোট গ্রহণের জন্য সকল আয়োজন সম্পন্ন করে প্রস্তুত ছিল। উদ্ভৃত পরিস্থিতির প্রেক্ষিতে উপস্থিত শিক্ষকবৃন্দের দুই পক্ষের দুই আবেদনের ভিত্তিতে এবং তফসিলে উল্লিখিত ভোটগ্রহণের সময় দুপুর ১টা পার হয়ে যাওয়ায় আজকের ভোটগ্রহণ নির্বাচন কমিশন কর্তৃক স্থগিত ঘোষণা করা হলো।'

advertisement

তবে পরবর্তীতে নির্বাচন কবে হবে সেই ব্যাপারে কোনো সিদ্ধান্ত জানানো হয়নি।

উল্লেখ্য, এর আগে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদ নির্বাচন-২০২২ এর প্রতি ১০৬ জন শিক্ষক স্বাক্ষরিত একটি অনাস্থা পত্র দেওয়া হলেও তা আমলে না নিয়েই নির্বাচনের আয়োজন করে শিক্ষকদের একটি অংশ।